গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
ই-মেইল-ueosunamsadar@gmail.com

"সভার নোটিশ"

উপজেলা সংস্কৃতি সংক্রান্ত (স্থায়ী) কমিটির সভা আগামী ০২/০১/২০২২খ্রি. তারিখ বিকাল ২.৩০ ঘটিকায় মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর মহোদয়ের সভাপতিত্বে তার কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

(এনামুর রহিম বাবর)
উপজেলা শিক্ষা অফিসার(চ.দা.)
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
ও
সদস্য সচিব
উপজেলা সংস্কৃতি সংক্রান্ত (স্থায়ী কমিটি)
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

স্মারক নংঃউশিঅ/সুনাম/২০২১/ ৬৮০

তারিখঃ ৩০/১২/২০২১ খ্রি.।

অবগতি ও কার্যার্থেঃ-

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
২। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
৩। চেয়ারম্যান, ....................................................ইউনিয়ন পরিষদ, সুনামগঞ্জ সদর।
৪। অফিস নথি।

৩০/১২/২১

(এনামুর রহিম বাবর)
উপজেলা শিক্ষা অফিসার(চ.দা.)
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
ও
সদস্য সচিব
উপজেলা সংস্কৃতি সংক্রান্ত (স্থায়ী কমিটি)
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
ই-মেইল-ueosunamsadar@gmail.com

## উপজেলা পরিষদের সংস্কৃতি সংক্রান্ত (স্থায়ী) কমিটির সভার কার্য বিবরণী-

সভাপতি: বেগম নিগার সুলতানা
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর।

সভায় উপস্থিতি পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

স্থান: মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, সুনামগঞ্জ মহোদয়ের অফিস কক্ষ।

তারিখ: ০২/০১/২০২২খ্রি. সময়: ২.৩০ ঘটিকা।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করেন। সভায় নিম্নোক্ত আলোচনাসমূহ ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | নতুন বছরের শুরুতে বিদ্যালয় গমনোযোগী সকল শিশুর বিদ্যালয়ে ভর্তি করা প্রয়োজন। সংশ্লিষ্ট ক্যাচমেন্ট এলাকার সকল শিশু যাতে নিজ নিজ বিদ্যালয়ে ভর্তি হয়। সে ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। | সংশ্লিষ্ট ক্যাচমেন্ট এলাকার সকল শিশু যাতে নিজ নিজ বিদ্যালয়ে ভতি হতে পারে সে ব্যাপারে এস,এম,সি ও অভিভাবকদের সচেতন করার মাধ্যমে ভর্তি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী উপজেলা শিক্ষা অফিসার, প্রধান শিক্ষক এবং এস,এম,সি । |
| ০২ | সুনামগঞ্জ সদর উপজেলায় বিনামূল্যে পাঠ্যবই বিতরনের জন্য ২০২২ সালে প্রাক-প্রাথমিক থেকে ৫ম শ্রেণী পর্যন্ত ৪৯৭৪১ সেট বই পাওয়া গিয়াছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক অনলাইনে দাখিলকৃত চাহিদার ভিত্তিতে নীতিমালা অনুযায়ী বই বিতরনের ব্যাপারে আলোচনা করা হয়। | বিদ্যালয় পর্যায়ে বিতরনের জন্য বিনামূল্যে প্রাপ্ত বই প্রতিষ্ঠান পর্যায়ে ইতোমধ্যেই উপজেলা শিক্ষা অফিস থেকে বিতরন করা হয়েছে। নীতিমালা অনুযায়ী স্বাস্থ্য বিধি মেনে বিদ্যালয় পর্যায়ে ভর্তিকৃত সকল শিক্ষার্থীর মধ্যে বই বিতরনের সিদ্ধান্ত গ্রহন করা। | প্রধান শিক্ষক, প্রতিষ্ঠান প্রধান, এবং এস,এম,সি । |
| ০৩ | সভায় মহিলা ভাইস চেয়ারম্যান জানান যে, সুনামগঞ্জ সদর উপজেলায় সহপাঠক্রমিক কার্যক্রম কম গুরুত্ব পাচেছ । সভাপতি মহোদয় সকল বিদ্যালয়ে সহপাঠক্রমিক কার্যক্রম গুলো সঠিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করেন। উপজেলা শিক্ষা অফিসার এ ব্যাপারে সভাকে অবহিত করেন যে, বিভিন্ন বিদ্যালয়ে খেলাধুলার জন্য পর্যাপ্ত মাঠ না থাকায় সহপাঠক্রমিক কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন হচ্ছে না । এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। | সকল প্রাথমিক বিদ্যালয়ে সহপাঠক্রমিক কার্যক্রম গুলো পরিচালনা করার জন্য সকল প্রধান শিক্ষকগণকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিদ্যালয় পর্যায়ে শিক্ষার্থীদের খেলাধুলার সুবিধার্থে মাটি ভরাট করে বিদ্যালয় মাঠগুলোকে যথাযথ ভাবে তৈরি করার লক্ষ্যে উপজেলা পরিষদ কে মাটি ভরাটের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহনের অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ, উপজেলা শিক্ষা অফিসার, প্রতিষ্ঠান প্রধান এবং এস,এম,সি সদর সুনামগঞ্জ। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপজেলা পরিষদের সংস্কৃতি সংক্রান্ত (স্থায়ী) কমিটির সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(বেগম নিগার সুলতানা)
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা সংস্কৃতি সংক্রান্ত (স্থায়ী) কমিটি
উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর।
তারিখ: ০২/০১/২০২২খ্রি.

স্মারক নং-উশিঅ/সদর/সুনাম/২০২২/ ৩(২)/
সদয় অবগিত ও প্রয়োজনীয় কার্যার্থেঃ
সদয় অবগিত ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

পরিশিষ্ট-'ক'

সভার তারিখ ঃ ০২ জানুয়ারি/২০২২

সময় ঃ ০২.৬০ ঘটিকা

স্থান ঃ মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

সংস্কৃতি সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের উপস্থিতি

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | নিগার সুলতানা<br>মহিলা ভাইস চেয়ারম্যান<br>সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। | সভাপতি | |
| ০২ | নুরুল হক<br>চেয়ারম্যান, মোল্লাপাড়া, ইউ/পি<br>সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। | সদস্য | |
| ০৩ | মোঃ মকছুদ আলী<br>চেয়ারম্যান, জাহাঙ্গীরনগ, ইউ/পি<br>সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। | সদস্য | |
| ০৪ | ফুল মিয়া<br>চেয়ারম্যান, গৌরারং, ইউ/পি<br>সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। | সদস্য | |
| ০৫ | মামুনুর রহিম বাবর<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা<br>সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। | সদস্য সচিব | |